

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৬.০২৮.১৯.- ২৪৯৯

তারিখঃ ২৫/০৮/১৯২৬ বঙ্গাব্দ
১২/১২/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সুফলভোগী 'সেবা সপ্তাহ'র ব্যয় নির্বাহ প্রসংগে


ফাউন্ডেশনের ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ৯.৩নং সূচকের নির্দেশনা অনুযায়ী ২৯সেপ্টেম্বর - ০৩ অক্টোবর সময়ে ১টি এবং ৮ডিসেম্বর - ১২ডিসেম্বর সময়ে ১টি সুফলভোগী 'সেবা সপ্তাহ' পালনের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া চলতি অর্থবছরে আরো ২টি 'সেবা সপ্তাহ' পালন করতে হবে। 'সেবা সপ্তাহ'র খরচ উপজেলার নামে বরাদ্দকৃত অগ্রিম অর্থ হতে নির্বাহ করতে হবে। 'সেবা সপ্তাহ' এর প্রাক্কলিত বাজেট নিম্নরূপঃ

ক্রঃ নং	খাতসমূহ	ভ্যাট	প্রাক্কলিত বাজেট
১	ব্যানার (১টি)	১৫%	৩০০/-
২	চা-নাস্তা (৪টি×৩০০)	৭.৫%	১,২০০/-
মোট =			(কথায়: এক হাজার পাঁচশত টাকা) ১,৫০০/-

নির্দেশনাঃ

- ১। 'সেবা সপ্তাহ'র ব্যয় বিল পৃথক অগ্রায়ণ পত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করতে হবে। মাসিক নিয়মিত আনুষাঙ্গিক বিলের সাথে একত্র করা যাবে না।
- ২। বিলের গায়ে সূত্র হিসেবে এপত্রের স্মারক উল্লেখ করতে হবে। 'সেবা সপ্তাহ'র জন্য ব্যানার করতে হবে এবং অংশগ্রহণকারী সদস্যদের ব্যানারসহ গ্রুপ ছবি ও ফটোকপি বিলের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। গত ২৯সেপ্টেম্বর - ০৩অক্টোবর'১৯ সময়ে অনুষ্ঠিত 'সেবা সপ্তাহ' এবং চলমান সেবা সপ্তাহের ভ্যাট পরিশোধসহ বিল একত্রে আগামী ১৯ ডিসেম্বর'১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রধান কার্যালয়ে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।


(মোঃ গোলাম হারওয়ার)
মহাব্যবস্থাপক

কার্যার্থে বিতরণঃ

- ০১। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল), আঞ্চলিক কার্যালয়, এসএফডিএফ।
- ০২। সিনিয়র উপজেলা ব্যবস্থাপক/উপজেলা ব্যবস্থাপক (সকল), উপজেলা কার্যালয়, এসএফডিএফ।

জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ০১। উপ-মহাব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়।
- ০২। সহকারী মহাব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়।
- ০৩। ব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়।
- ০৪। ব্যবস্থাপক (আইসিটি)-ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৬। মহাব্যবস্থাপকদ্বয়ের ব্যক্তিগত কর্মকর্তা- মহাব্যবস্থাপকদ্বয়ের সদয় অবগতির জন্য।
- ০৭। সংশ্লিষ্ট নথি।
- ০৮। অফিস কপি।